

২৩/৬/২০০৩

তারিখ ... ..

পৃষ্ঠা ৩.৬ কলাম ... ..

দৈনিক ইকিবাব

## চলতি মাসে এইচএসসি'র ফলাফল প্রকাশে অনিশ্চয়তা ॥ কিছু কেন্দ্রের নম্বরপত্র এখনও বোর্ডে পৌঁছে নাই

রেজানুর রহমান ॥ পরীক্ষার খাতা  
দেখার পর নির্দিষ্ট সময়ের মধ্যে সংশ্লিষ্ট  
বোর্ডসমূহে নম্বরপত্র পাঠানোর নিয়ম  
থাকিলেও কিছু পরীক্ষক প্রায় প্রতি বছরই  
এই নিয়ম ভঙ্গ করিয়া চলিয়াছেন।

ফলাফল প্রকাশ করিতে কিছুটা বিলম্ব  
হইয়াছে। এইচএসসি'র ফলাফলের ক্ষেত্রে  
একই উপসর্গ দেখা দিয়াছে। সারাদেশে  
প্রায় ৬ লক্ষ ছাত্র-ছাত্রী ও তাহাদের  
অভিভাবক এইচএসসি পরীক্ষার ফলাফলের  
জন্য অধীর আগ্রহে অপেক্ষা করিতেছেন।

### এইচএসসি'র ফলাফল

(শেষ পৃষ্ঠার পর)

ইতিমধ্যে মুখে মুখে ছড়াইয়া গিয়াছে চলতি  
মাসের শেষ সপ্তাহে এই পরীক্ষার ফলাফল  
প্রকাশিত হইবে। কিন্তু বাস্তবে চলতি মাসে  
এইচএসসি'র ফলাফল প্রকাশের কোন  
সম্ভাবনা নাই।

ঢাকা বোর্ডের একজন কর্মকর্তা  
জানান, নম্বরপত্র প্রেরণের শেষ তারিখ ছিল  
৭ই আগস্ট। পরীক্ষকদের জানাইয়া দেওয়া  
হইয়াছিল কোনভাবেই নম্বরপত্র পাঠাইতে  
বিলম্ব করিবেন না। প্রয়োজনে নম্বরপত্র  
সাথে নিয়া ঢাকায় আসিবেন। ইহার জন্য  
বিধি অনুযায়ী টিএ, ডিএ প্রদান করা হইবে।  
ইহার পরও বেশ কিছু কেন্দ্রের নম্বরপত্র  
বোর্ডে আসিয়া পৌঁছায় নাই।

এসএসসি পরীক্ষার নম্বরপত্র প্রেরণের  
ক্ষেত্রে ডাক বিভাগের 'কক্ষপগতি'র  
শ্রেণিতে নূতন করিয়া সিদ্ধান্ত নেওয়া  
হইয়াছে 'আর ডাক বিভাগ নয়, হাতে সময়  
কম থাকিলে প্রধান পরীক্ষক অথবা তাহার  
প্রতিনিধি বোর্ডে হাজির হইয়া নম্বরপত্র জমা  
দিবেন'। ইহার জন্য টিএ, ডিএ প্রদান করা  
হইবে। তাই ধারণা করা হইয়াছিল,  
এইচএসসি নম্বরপত্র পাওয়ার ক্ষেত্রে বিলম্ব  
হইবে না। কিন্তু ধারণা সঠিক হয় নাই।

নাম প্রকাশে অনিচ্ছুক ঢাকা শিক্ষা  
বোর্ডের অপর একজন কর্মকর্তা বলেন,  
আমরা এইবার আড়াই মাসের ব্যবধানে  
এইচএসসি'র ফলাফল প্রকাশের ব্যাপারে  
আশাবাদী ছিলাম। তিনি বলেন, ১০ই মে  
সারাদেশে এইচএসসি পরীক্ষা শুরু হইয়া  
৯ই জুন শেষ হয়। নির্ধারিত তারিখের মধ্যে  
বোর্ডে নম্বরপত্র আসিয়া পৌঁছিলে ২০ হইতে  
২৫শে আগস্টের মধ্যে ফলাফল প্রকাশ করা  
কঠিন ব্যাপার ছিল না।

উল্লেখ্য, সারাদেশে এইবার ৫ লক্ষ ৭১  
হাজার ১৩৫ জন ছাত্র-ছাত্রী এইচএসসি  
পরীক্ষায় অংশ নিয়াছে। বিভাগ ও মেধা  
তালিকা পদ্ধতিতে শেষদারের মত এইচএসসি  
পরীক্ষার ফলাফল প্রকাশ করা হইবে।